গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ/২০২৩) পরিবীক্ষণ কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব
সভার তারিখ	২২-০৩-২০২৩
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	'পরিশিষ্ট-ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি'র সভা আহ্বান এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) সভা আহ্বান করা হয়েছে।

১.২। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর আপডেট করা হয়েছে এবং আপডেটকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা হবে। সভাপতি এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

১.৩। সভায় সিটিজেন চার্টার এর যে সকল স্থানে ফরম/ছক/চেকলিস্ট রয়েছে সে সকল স্থানে সংশ্লিষ্ট ফরম/ছক/চেকলিস্ট হাইপারলিঙ্ক করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, এ বিভাগের বিভিন্ন কর্মকর্তাদের বদলি/পদোন্নতির কারণে কর্মকতাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোডসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার নির্দেশনাও প্রদান করা হয়।

১.৪। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে সে অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ
২.১	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের ক্ষেত্রে সাধারণ ত্রুটিসমূহ হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২.২	এ বিভাগের বিভিন্ন কর্মকর্তাদের বদলি/পদোন্নতির কারণে কর্মকতাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোডসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করতে হবে; এবং
২.৩	এ বিভাগের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৩। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১২৯৮

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) উপসচিব, অপারেশন-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৬) সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১০) অফিস কপি

এস এম জাকারিয়া
উপসচিব